BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৬৮

তারিখঃ ২৫ মার্চ, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের ছুটি প্রসঙ্গে।**

সূত্র ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আদেশ নং-২৬/২০২৫, তারিখঃ ২৪/০৩/২০২৫

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ''স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫'', ''পবিত্র শব-ই-ক্বদর'', ''পবিত্র জুমাতুল বিদা'' এবং ''পবিত্র ঈদ-উল-ফিতর'' উপলক্ষে সকল অপারেশনাল কর্মস্থলে (ঢাকা আইসিডি ও পানগাঁও আইসিটিসহ) সরকারি ছুটি ও সাধারণ ছুটি পালন বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগ সূত্রোক্ত আদেশ জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৫/৩/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

E:\2025\CIRCULAR-2025.doc

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ২৬/২০২৫ইং

তারিখ ২২/০৩/ ২০২৫ ইং

বিষয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী "স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫", "পবিত্র শব-ই-কৃদর", "পবিত্র জুমাতুল বিদা" এবং "পবিত্র ঈদ-উল-ফিতর" উপলক্ষে নির্বাহী আদেশে সরকারি ছুটি ও সাধারণ ছুটি প্রসঙ্গে।

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী "স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫", "পবিত্র শব-ই-কৃদর", "পবিত্র জুমাতুল বিদা" এবং "পবিত্র ঈদ-উল-ফিতর" উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (ঢাকা আইসিডি ও পানগাঁও আইসিটিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবেঃ-

ক) "স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫" উপলক্ষে আগামী ২৬/০৩/২০২৫ইং (১২চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) বুধবার ০৮.০০ ঘটিকা হতে ২৭/০৩/২০২৫ ইং (১৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) বৃহস্পতিবার ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

খ) "পবিত্র শব-ই-কৃদর" উপলক্ষে আগামী ২৭/০৩/২০২৫ইং (১৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) বৃহস্পতিবার ১৬.০০ ঘটিকা হতে ২৮/০৩/২০২৫ ইং (১৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) শুক্রবার ১৬.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তবে ২৭/০৩/২০২৫ইং (১৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) বৃহস্পতিবার ২০.০০ ঘটিকা থেকে ২৮/০৩/২০২৫ ইং (১৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) শুক্রবার ০৮.০০ ঘটিকা পর্যন্ত ক্লোজড হলিডে পালিত হবে।
(পবিত্র শব-ই-কৃদর এর ছুটি চাঁদ দেখা যাওয়া সাপেক্ষে পালিত হবে)।

গ) "পবিত্র জুমাতুল বিদা" উপলক্ষে আগামী ২৮/০৩/২০২৫ইং (১৪ চৈত্র,১৪৩১ বঙ্গাব্দ) শুক্রবার ০৮.০০ ঘটিকা হতে ২৯/০৩/২০২৫ ইং (১৫ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ) শনিবার ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

ঘ) "পবিত্র ঈদ-উল-ফিতর" উপলক্ষে আগামী ২৯/০৩/২০২৫ইং (১৫ চৈত্র,১৪৩১ বঙ্গাব্দ) শনিবার ০৮.০০ ঘটিকা হতে ০৪/০৪/২০২৫ইং (২১ চৈত্র,১৪৩১ বঙ্গাব্দ) শুক্রবার ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি ও নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তন্মধ্যে শুধুমাত্র "পবিত্র ঈদ-উল-ফিতর" এর দিন অর্থাৎ আগামী ৩১/০৩/২০২৫ইং (১৭ চৈত্র,১৪৩১ বঙ্গাব্দ) সোমবার ০৮.০০ ঘটিকা হতে ১৬.০০ ঘটিকা পর্যন্ত ক্লোজড হলিডে পালিত হবে।
(পবিত্র ঈদ-উল- ফিতর এর ছুটি চাঁদ দেখা যাওয়া সাপেক্ষে পালিত হবে)।

২। কাস্টমস্ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাশুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটারসমূহে কাজ করা যাবে। খাদ্য,ত্রাণ,জরুরী পণ্য ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক (ট্রাফিক) বা তাঁর অধীনস্থ ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৩। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক,ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউসে স্থিত সোনালী ব্যাংক, কাস্টমস্ এর সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অঃপৃঃদঃ

CamScanner
CamScanner